Printed at:

শতদল বার্ষিক প্রকাশনা ২০২৪-২০২৫ এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

আমাদের কথা

আলহামদুলিল্লাহ।

সৃষ্টিশীলতার অপরূপ প্রতিভামুখর "শতদল" আবারও ফুটে উঠেছে আমাদের মাঝে। মহান আল্লাহর অশেষ রহমতে এবারও এই প্রকাশনা হয়ে উঠেছে আমাদের কলেজের সৃষ্টিশীল মেধাবীদের প্রতিভার আধার। "শতদল"-এর পাতায় পাতায় জড়িয়ে আছে আমাদের কোমলমতি স্বপ্নবিলাসী ক্ষুদে লেখক, কবি ও শিল্পীদের স্বপ্নের সুবাস। এই প্রকাশনা আমাদের সৃজনশীলতার উৎসব, যেখানে অংশগ্রহণ করে প্রতিটি শিক্ষার্থীই জয় করে নেয় নিজের একেকটি সম্ভাবনা।

একটি শিক্ষাপ্রতিষ্ঠানের বার্ষিকী কেবল একটি প্রকাশনা নয়–এটি তার সাংস্কৃতিক চেতনা ও শিক্ষার্থীদের মননশীলতার জীবন্ত দর্পণ। "শতদল" সেই দর্পণেই প্রতিবিম্বিত করে আমাদের শিক্ষার্থীদের সাহিত্যিক ও শৈল্পিক ভাবনাকে। এখানে কলমের সৃজনশীলতায়, শব্দের মায়াজালে আর রঙ-তুলির আঁচড়ে বিকশিত হয়ে ওঠে তাদের অনবদ্য প্রতিভা। আজ যারা কলেজের মেধাবী ছাত্রছাত্রী, আগামী দিনে তারাই হয়তো দেশের সাহিত্য-সংস্কৃতির ধারক হয়ে উঠবেন। এ কথা বলতে দ্বিধা নেই যে, এই তরুণরাই আমাদের ভবিষ্যতের রবীন্দ্র-নজরুলের আসন পূরণ করবে।

আজকের এই যান্ত্রিক যুগে প্রযুক্তির দাপটে মানুষ ক্রমশ যন্ত্রসর্বস্ব হয়ে পড়ছে। কৃত্রিম বুদ্ধিমত্তা আমাদের চিন্তা-চেতনার গতিপথ বদলে দিচ্ছে, কিন্তু মানবিক আবেগ ও সৃজনশীলতার জয়যাত্রা থেমে নেই। এই নিষ্প্রাণ যন্ত্রব্যবস্থাপনা থেকে মুক্তির একমাত্র পথ হলো শিল্প-সাহিত্যের সান্নিধ্য। "শতদল" সেই পথেই হাঁটে।

আমরা গর্বিত যে, "শতদল" আবারও তার রূপ-রস-গন্ধে সিক্ত করছে আমাদের পাঠকহৃদয়। সকল লেখক, শিল্পী ও পাঠকদের আন্তরিক ধন্যবাদ। আগামী দিনেও এই যাত্রা অব্যাহত থাকুক, এই কামনায়।

সম্পাদনা পরিষদ

পেছনে দাঁড়িয়ে (বাম দিক থেকে) : জামাল বিশ্বাস, ইসরাত জাহান উপমা, হাসিনা খানম, দিলরুবা আক্তার, শিরীণ খালিদা ফারহানা, কাজী দিলোয়ার সোহান এবং মোঃ আবদুল্লাহ আল মামুন।

সামনে বসা (বাম দিক থেকে) : সেহেলী রুমানা, মোঃ গোলাম মাওলা (উপাধ্যক্ষ), রাজিয়া আখতার (অধ্যক্ষ), নাজনীন সুলতানা এবং সায়মা নওরীন।